আলমডাঙ্গায় ভোক্তা অধিকার আইনে ২ ব্যবসায়িকে ১৫ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গায় ভোক্তা অধিকার সংরক্ষন আইনে অভিযান চালিয়ে ২ ব্যাবসায়িকে ১৫ হাজার টাকা জরিমানা করেছে।

মঙ্গলবার চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সংরক্ষন কর্মকর্তা সজল আহম্মেদ এ অভিযান পরিচালনা করেন।

এসময় আলমডাঙ্গা বাবু হোটেলে অভিযান চালিয়ে ভোক্তা অধিকার আইনের ৩৭ ধারা মোতাবেক পন্যের ওজন,পরিমান,উপাদান,ব্যাবহার বিধি প্যাকেটজাত করনের তারিখ,মেয়াদ উত্তির্নের তারিখ স্পস্টভাবে লিপিবদ্ধ না থাকায় হোটেল মালিক জাহাঙ্গীর হোসেন বাবুকে ৫ হাজার টাকা জরিমানা করেছে।

পরে সাড়ে ১১ টার দিকে আনন্দধাম মর্ডান বেকারিতে অভিযান চালায়, সেখানে বেকারিতে নোংরা পরিবেশ,ভোক্তা অধিকার সংরক্ষন আইনের ৩৭ ও ৪৩ ধারা মোতাবেক মানুষের জীবন বা স্বাস্থের জন্য ক্ষতি হয় এমন কোন প্রক্রিয়ায়, যা কোন আইন বা বিধির অধিন নিশিদ্ধ করা হয়েছে,কোন পন্য উৎপাদান বা প্রক্রিয়াকরন করা। এই আইনে তাকে ১০ হাজার টাকা জরিমানা করেন এবং বেকারি পরিস্কার পরিছন্ন না করে উৎপাদন না করতে নিদেশ দেন।।

এছাড়াও বেকারিতে আগুন নির্বাপক যন্ত্র সঠিক না থাকায় শ্রমিকদের জীবন নাশের শংকা থাকে সে কারনে আগুন নির্বাপক যন্ত্র রাখতে নির্দেশ দেন।
এ সময় আলমডাঙ্গা থানার এ এস আই নাজমুল সঙ্গিয় ফোর্স ও আলমডাঙ্গা বনিক সমিতির সভাপতি হাজী মকবুল হোসেন,ব্যাবসায়ি ইলিয়াস হোসেন উপস্থিত ছিলেন।

মেপ্র/ইএম

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কথা ফুটপাথ দখল মুক্ত করার ঘোষনা দেন।

এসময় তিনি বলেন, এই মুজিববর্ষে মেহেরপুর পৌরবাসীর জন্য সুষ্ঠ সুন্দর মেহেরপুর উপহার দেবো। জনগনের চলাচলের জন্য খুব শিঘ্রই ফুটপাতগুলো দখল মুক্ত করা হবে।

এসময় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটনসহ বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলরবৃন্দ।

কুষ্টিয়া সীমান্তে বিএসএফ‘র গুলিতে কৃষক গুলিবিদ্ধ

কুষ্টিয়ার দৌলতপুর সীমান্তে বিএসএফের গুলিতে গাজী (৩২) নামে এক বাংলাদেশি কৃষক গুলিবিদ্ধ হয়েছেন।

মঙ্গলবার (৪ ফেব্রুয়ারি) সকালে উপজেলার রামকৃষ্ণপুর ইউনিয়নের ছলিমেরচর সীমান্তে এ ঘটনা ঘটে। গুলিবিদ্ধ কৃষক ওই এলাকার নিয়ামত আলীর ছেলে। তিনি এখন বিএসএফের তত্বাবধানে ভারতে চিকিৎসাধীন রয়েছেন।

বিজিবি ও স্থানীয় সূত্রে জানা যায়, ছলিমেরচর সীমান্ত এলাকার কৃষক গাজী, রুবেল ও সাহাবুল ১৫৭/২(এস) সীমান্ত পিলার সংলগ্ন বাংলাদেশি ভূ-খন্ডে নিজ জমিতে সরিষা কাটছিলেন। এসময় ভারতের মুর্শিদাবাদ জেলার জলঙ্গী থানার মুরাদপুর ক্যাম্পের টহলরত বিএসএফ তাদের লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলি ছোড়ে। এতে পায়ে গুলিবিদ্ধ হন গাজী। তবে অন্য কৃষকরা পালিয়ে প্রাণে বেঁচে যান। পরে গুলিবিদ্ধ কৃষক গাজীকে ধরে নিয়ে যায় বিএসএফ। এ ঘটনায় সীমান্ত জুড়ে আতংক ছড়িয়ে পড়েছে।

রামকৃষ্ণপুর ইউপি চেয়ারম্যান সিরাজ মন্ডল জানান, ছলিমেরচর সীমান্ত এলাকায় বিএসএফের গুলিতে গাজী নামে এক কৃষক গুলিবিদ্ধ হয়েছেন। তবে তিনি মারা গেছেন কিনা তা নিশ্চিত হওয়া যায়নি।

এ ঘটনায় ৪৭ বিজিবি ব্যাটালিয়ন অধিনস্থ চিলমারী বিওপি’র পক্ষ থেকে পতাকা বৈঠকের আমন্ত্রণ জানিয়ে বিএসএফের নিকট পত্র পাঠানো হয়েছে।

৪৭ বিজিবির ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্ণেল রফিকুল আলম বলেন, সীমান্তে বিএসএফের গুলিতে বাংলাদেশি একজনের পায়ে গুলি লেগেছে। তিনি ভারতে চিকিৎসাধীন রয়েছেন বলে আমরা জানতে পেরেছি।

মেপ্র/ইএম

মুজিবনগরের রশিকপুরে ভৈরব নদী থেকে অবৈধ বাধ অপসারণ, জরিমানা আদায়

মেহেরপুরের মুজিবনগর উপজেলার রশিকপুরে ভৈরব নদ থেকে অবৈধ ভাবে বাদ দিয়ে মাছ শিকার করায় আনারুল ইসলাম নামের একজনের কাছ থেকে জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত। একই সঙ্গে অবৈধ বাধ অপসারন করা হয়েছে।

মঙ্গলবার দুপুর ১২টার দিকে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট উসমান গনি। দন্ডপ্রাপ্ত আনারুল ইসলাম মুজিবনগর উপজেলার মৃত রশিকপুর গ্রামের মৃত সুলতান শেখের ছেলে।

নির্বাহী অফিসার জানান, কয়েক মাস ধরে আনারুল ইসলাম অবৈধ ভাবে ভৈরব নদে বাধ দিয়ে মাছ ধরে আসছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে সেখানে গিয়ে ভ্রাম্যমাণ আদালত বসানো হয়।

পরে অবৈধ ভাবে ভৈরব নদে বাধ দিয়ে মাছ ধরার অপরাধে মৎস রক্ষা ও সংরক্ষন আইনে আনারুলের কাছ থেকে ২ হাজার টাকা জরিমান আদায় করা হয়। একই সঙ্গে অবৈধভাবে স্থাপন করা বাঁশ দিয়ে তৈরিকৃত বাধ অপসারন করা হয়।

মেপ্র/ইএম

আমঝুপি মাদরাসায়ে আবু বকর সিদ্দীক (রা:) গরীব কৃতি শিক্ষার্থীদের মাঝে বৃত্তি প্রদান

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাদরাসায়ে আবু বকর সিদ্দীক (রাঃ) এর গরীব কৃতি ছাত্র-ছাত্রীদের মাঝে বৃত্তি প্রদান করেছে মরহুম হাজী একতার ফাউন্ডেশন।

মঙ্গলবার মাদ্রাসার হলরুমে অনুষ্ঠিত বৃত্তি প্রদান অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আশরাফ হোসেন বিশ্বাস।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দীন আহম্মেদ। বিষেশ অতিথি হিসেবে ছিলেন মরহুম হাজী একতার- এর ছোট ছেলে খাইরুজ্জামান টুটুল।

স্বাগত বক্তব্য রাখেন মাদ্রাসা পরিচালনা কমিটির সেক্রেটারী শামসুল হুদা শিশির, সাংবাদিক সহিদুল ইসলাম, প্রধান শিক্ষক মুফতী মাসউদুর রহমান, সহকারী শিক্ষক হাফেজ আব্দুল বারী, আব্দুল আজীম, মুফতী নাজমুল, হাফেজ ওয়ায়েস কুরুনী।

বৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদেও মধ্যে ১ম শ্রেণির ফাতিহা, ইয়াছিন ইবনে ইদ্রীস, সাইফুর রহমান, ২য় শ্রেণির সোহানুর রহমান, লিমন, তানিশা, ৩য় শ্রেণির মায়াজ, আবাসিক মক্তব বিভাগের নাজমুল ইসলাম, শুয়াইব, সালমান, লাবীব, সিয়াম, রকি, সোহেল রানা , হিফজ বিভাগের আবির হাসান, আব্বাস, মুন্না, আঃ আজীম, আজমাইন হোসেনের বৃত্তির অর্থ তুলে দেওয়া হয়।

মেপ্র/ইএম

গাংনীতে পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা গ্রামে পানিতে ডুবে নাইম হোসেন নামের দুই বছরের এক শিশুর মৃত্যু হয়েছে বলে জানা গেছে।

মঙ্গলবার সকাল সাড়ে ৯টার দিকে তার এ ঘটনা ঘটে। নিহত নাইম হোসেন ধানখোলা গ্রামের জেহেদ আলির ছোট ছেলে।

শিশুটির পরিবার সুত্রে জানা যায়, সকালের দিকে বাড়ির উঠানে টিউবওয়েলের পাশে খেলা করছিল। হঠাৎ সকলের অজান্তে সে টিউবওয়েলের পাশে ছোট ডোবায় পড়ে যায়। অনেক খোঁজা খুঁজির পর শিশু নাঈমকে ঐ ডোবা থেকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক কুৃষ্টিয়ায় রেফার্ড করে। কুষ্টিয়া যাওয়ার পথে শিশুটির মৃত্যু হয়।

মেপ্র/ইএম

মেহেরপুরের যুগিন্দা-আমঝুপি রাস্তা নির্মানে অনিয়মের অভিযোগ

মেহেরপুরে যুগিন্দা থেকে আমঝুপি পর্যন্ত পাকা রাস্তা নির্মানে ঠিকাদারের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ তুলেছে এলাবাসী।

এলাকাবাসীর অভিযোগ নিম্নমানের ইট ব্যাবহার করার সময় গ্রামবাসীর অবরোধে সেই ইট ফেরত নিয়ে যায়, পরবর্তিতে রাতের আধারে একই ইট নিয়ে এসে রাস্তার নিচে দেওয়া হয়। স্থানীয় কিছু মানুষ জোর

প্রতিবাদ করলেও পরবর্তিতে অজ্ঞাত কারনে তারাও চুপ হয়ে যায়। তবে ঠিকাদার ও এলজিইডির দাবি দরপত্র মেনেই কাজ করা হচ্ছে।

গাংনী উপজেলার যুগিন্দা ক্লাব মোড় থেকে সদর উপজেলার আমঝুপি উত্তরপাড়া কবরস্থান পর্যন্ত ১ কোটি ৫লক্ষ্য ৪১ হাজার ৫৪২ টাকা বরাদ্ধে ১৪৯০ মিটার পাকা রাস্তা নির্মান করা হচ্ছে। গাংনীর কাথুলী ইউনিয়ন চেয়ারম্যান ও আওয়ামীলীগ নেতা মিজানুর রহমান রানার ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স এমআর ট্রেডার্স এই রাস্তাটি নির্মান কাজ পেয়েছে।

এলাকাবাসীরা জানান, প্রথম অবস্থায় রাস্তা নির্মানে খুবই নিম্নমানের ইট ব্যবহার করা হচ্ছিলো। আমরা কয়েকজন গ্রামবাসী এতে বাধা দিই। ইট তুলে রাস্তার বাইরে ফেলে দিই। এসময় ঠিকাদার কিছু ভালো ইট দিয়ে কাজ শুরু করে। পরে অতিগোপনে ভাটার পরিত্যক্ত ভাঙ্গা ইট রাস্তার নিচে দেওয়া হয়। গ্রামের শুরুর দিকে মোটামুটি রাস্তার মান ভালো থাকলেও মাঠের ভিতর নিম্নমানের সামগ্রী ব্যবহার করা হয়েছে। লোক দেখানোর জন্য কিছু পিকেট ইট রাস্তার উপরে দিয়ে রুলার দিয়ে সমান করে দেয়। গাংনী উপজেলার এলজিইডি থেকে কয়েকবার পরিদর্শনে আসলে তাদেরকে এসব কথা বলে লাভ হয়নি।

ঠিকাদার মিজানুর রহমান রানা জানান, নিম্নমানের ইট দিয়ে রাস্তা নির্মানের কোন সুযোগ নেই। গ্রামবাসী ষড়যন্ত্র করছে আমার সাথে। আমি পিকেট ও ভালোমানের ইট দিয়ে রাস্তা নির্মান করছি।

গাংনী উপজেলা এলজিইডি প্রকৌশলী গোলাপ আলী শেখ বলেন, গ্রামবাসীর অভিযোগ ভিত্তিহিন। আমরা নিয়মিত পরিদর্শন করছি রাস্তার মান ভালো। এছাড়াও চলমান কাজ নিয়ে আমরা জেলা অফিসে রিপোর্ট দিয়েছি। সেখান থেকে যে নির্দেশনা আসবে আমরা সে অনুযায়ী কাজ করবো।

মেপ্র/ইএম

গাংনীর এসএসসি পরীক্ষা কেন্দ্র সচিবকে শোকজ

নির্ধারিত সময়ের পরেও পরীক্ষা চলমান রাখায় মেহেরপুরের গাংনী উপজেলার রাইপুর মাধ্যমিক বিদ্যালয় এর পরীক্ষা কেন্দ্র সচিব শিক্ষক মিজানুর রহমানকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে এবং ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক ওয়াজ্জেল হোসেন ও বাশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষিকা দিলারা রহমানকে তাদের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

সোমবার দুপুরে তাদের বিষয়ে এ সিদ্ধান্ত নেওয়া হয় বলে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মীর হাবিবুল বাশার বিষয়টি নিশ্চিত করেছেন।

জানা গেছে, এস এস সি পরীক্ষার প্রথম দিন রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ে নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষা শেষ হলেও ২০৪ নং কক্ষে অতিরিক্ত ৫ থেকে ১০ মিনিট পরীক্ষা চলমান রাখে।

বিষয়টি সিসি ক্যামেরায় উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের নজরে আসে। পরে তিনি মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিলে তিনি অতিরিক্ত সময়ে পরীক্ষা চলমান রাখার প্রমাণ পান এবং এর কারণ দর্শানোর জন্য একটি নোটিশ ঐ কেন্দ্র সচিব ও প্রধান শিক্ষক মিজানুর রহমানকে দেওয়া হয়। অপরদিকে দ্বায়িত্বে অবহেলার কারণে অপর দুজন শিক্ষককে অব্যহতি দেওয়া হয়।

এ বিষয়ে জানতে চাওয়া হলে কেন্দ্র সচিব ও রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান সত্যতা স্বীকার করে বলেন, দ্বায়িত্বে অবহেলা কেন হলো এর জন্য ৩ দিনের মধ্যে কারণ দশানোর জন্য একটি চিঠি দেওয়া হয়েছে এবং দুইজন শিক্ষককে অব্যাহতি দেওয়া হয়েছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান বলেন, পরীক্ষা শেষ হওয়ার পরও রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের ২০৪ নং কক্ষে অতিরিক্ত সময় শিক্ষার্থীদের পরীক্ষা চলছিল। এ বিষয়টি সিসি ক্যামেরার মাধ্যমে আমার নজরে আসে। পরে মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়।

মেপ্র/আরপি

গাংনী উপজেলা কৃষি অফিসারের জাপান সফর

স্বয়ংক্রিয় পদ্ধতিতে ফল ও সবজি উৎপাদনের বিষয়ে ৭ দিনের শিক্ষা সফরে মেহেরপুরের গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ কে এম শাহাবুদ্দিন জাপান গমন করবেন।

আগামী শুক্রবার (০৬-০২-২০২০) ইং তারিখ রাত্রে জাপানের উদ্দেশ্যে শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর থেকে রওনা দেবেন বলে তিনি জানিয়েছেন।
বৃহত্তর কুষ্টিয়া ও যশোর অঞ্চল থেকে তিনজন কৃষি কর্মকর্তা স্বয়ংক্রিয় পদ্ধতিতে ফল ও সবজি উৎপাদন এবং প্রসেসিং বিষয়ে জ্ঞান অর্জন করতে জাপান গমন করবেন।

এ বিষয়ে কৃষি কর্মকর্তা কৃষিবিদ কে এম শাহাবুদ্দিন আহম্মেদ সোমবার দুপুরে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভায় জাপান সফরের বিষয়টি অবগত করেন।

মেপ্র/ আরপি